



## জাতীয় মানবাধিকার কমিশন

(জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ দ্বারা গঠিত সংবিধিবদ্ধ স্বাধীন প্রতিষ্ঠান)

গুলফেশাঁ প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, মগবাজার ঢাকা-১২১৭

চেয়ারম্যান # ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য # ৯৩৩৬৩৬৯, সচিব # ৯৩৩৬৮৬৩

ফ্যাক্স # ৮৩৩৩২১৯, ই-মেইল: [nhrc.bd@gmail.com](mailto:nhrc.bd@gmail.com)

৭ জানুয়ারি, ২০১৪

## সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্বাচনোত্তর সহিংসতা বন্ধে কার্যকর পদক্ষেপ নিন

জাতীয় মানবাধিকার কমিশন অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করেছে, ৫ জানুয়ারি ২০১৪ জাতীয় সংসদ নির্বাচন পর দেশের বিভিন্ন অঞ্চলে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলা চালানো হচ্ছে। সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর এ বর্বরোচিত হামলায় কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করেছে। জাতীয় মানবাধিকার কমিশন সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলা ও ভয়-ভীতি প্রদর্শনের বিরুদ্ধে অতিদ্রুত কার্যকর পদক্ষেপ নিতে সরকারকে বিশেষভাবে অনুরোধ করেছে। কোনো অজুহাতে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তার বিষয়টি উপেক্ষা করা যাবে না। সরকারকে দেশব্যাপী সংখ্যালঘু সম্প্রদায়ের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং এসব সহিংসতার সাথে জড়িতদের যথাযথ তদন্ত সাপেক্ষে বিচারের আওতায় আনতে হবে।

কমিশন অবগত হয়েছে, যশোর, দিনাজপুর ও ঠাকুরগাঁও-এ সংখ্যালঘু সম্প্রদায়ের বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান, মন্দির ও প্রতীমা ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করা হয়েছে। এ সহিংসতা উদ্বেগজনক হারে বৃদ্ধি পাচ্ছে। বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত খবরে দেখা গেছে, জাতীয় সংসদ নির্বাচনে ভোটাধিকার প্রয়োগের জন্য তাদের ওপর আক্রমণ চালানো হয়েছে। ভোটাধিকার প্রয়োগ যেকোন নাগরিকের মৌলিক নাগরিক অধিকার। কোন ব্যক্তি, সংগঠন বা রাজনৈতিক দল কাউকে তার ভোটাধিকার প্রয়োগ থেকে বিরত রাখতে পারে না। সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্বাচনোত্তর এ সহিংসতা নাগরিক অধিকারের প্রতি চরম হুমকি। এ সহিংসতা বন্ধ না করা গেলে তা অসম্প্রদায়িক ভাবমূর্তিকে প্রশ্নবিদ্ধ করবে এবং তা হবে মানবাধিকারের জন্য এক অশনি সংকেত।

জাতীয় মানবাধিকার কমিশন সংখ্যালঘু সম্প্রদায়ের পূর্ণ নিরাপত্তা বিধানে সরকারকে কার্যকর ও দ্রুত পদক্ষেপ নিতে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছে।

অধ্যাপক ড. মিজানুর রহমান

চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন

সেলিনা হোসেন

সম্মানিত সদস্য

আরমা দত্ত

সম্মানিত সদস্য

ফাওজিয়া করিম ফিরোজ

সম্মানিত সদস্য

কাজী রিয়াজুল হক

সার্বক্ষণিক সদস্য

মাহফুজা খানম

সম্মানিত সদস্য

নিরুপা দেওয়ান

সম্মানিত সদস্য